



বিষয় : ২০১৬ সালের জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষার কেন্দ্র কমিটি গঠন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তাঁর উপজেলার ২০১৬ সালের জেডিসি পরীক্ষার জন্য নির্বাচিত প্রত্যেক কেন্দ্রে পরীক্ষা পরিচালনার জন্য “কেন্দ্র কমিটি” নামে সর্বোচ্চ ১১ (এগার) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করতে হবে। সংশ্লিষ্ট কেন্দ্রে পরীক্ষায় অংশ গ্রহণের জন্য ছাত্র-ছাত্রী প্রেরণকারী মাদরাসা প্রধানগণের মধ্য হতে কেন্দ্র কমিটির সদস্য হবেন। সভাপতি এবং কেন্দ্র সচিবের ব্যবস্থত মোবাইল নম্বর তালিকায় সংযুক্তসহ কেন্দ্র কমিটি গঠন করে আগামী ১৬-১০-২০১৬ তারিখের মধ্যে কমিটির সদস্যগণের পূর্ণাঙ্গ তালিকা উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (পরীক্ষা) এর নিকট হাতে হাতে/ডাকযোগে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১. “কেন্দ্র কমিটি” নিম্নোক্তরূপে গঠন করতে হবে-

(ক) সভাপতি :

কেন্দ্র সরকারী আলিয়া মাদরাসায় হলে সরকারী আলিয়া মাদরাসার অধ্যক্ষ, জেলা সদরের জন্য জেলা প্রশাসক, উপজেলার কেন্দ্রের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার অথবা প্রথম শ্রেণীর একজন কর্মকর্তা।

(খ) সদস্যবৃন্দ :

১. জেলা সদরের জন্য জেলা শিক্ষা অফিসার/উপজেলার ক্ষেত্রে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার।

২. কেন্দ্রের আওতাধীন বোর্ডের স্বীকৃতিপ্রাপ্ত মাদরাসার প্রধানগণ হতে প্রয়োজনীয় সংখ্যক সদস্য। প্রয়োজনীয় সংখ্যক মাদরাসা প্রধান পাওয়া না গেলে মাদরাসার সিনিয়র শিক্ষকগণ সদস্য হতে পারবেন।

(গ) কেন্দ্র সচিব :

সরকারী মাদরাসার ক্ষেত্রে হেড মাওলানা/উপাধ্যক্ষ/সহকারী অধ্যাপক এবং অন্যান্য কেন্দ্রের ক্ষেত্রে কেন্দ্রস্থিত মাদরাসা প্রধান কেন্দ্রের আওতাধীন কোন মাদরাসার প্রধান সভাপতি কর্তৃক মনোনীত হবেন। প্রয়োজনে জেলা শিক্ষা অফিসার/ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/ প্রথম শ্রেণীর যে কোন কর্মকর্তা কেন্দ্র সচিব হিসেবে দায়িত্ব পালন করতে পারবেন। তবে কোন শিক্ষক অথবা কোন কর্মকর্তার সন্তান সংশ্লিষ্ট কেন্দ্রে পরীক্ষায় অংশগ্রহন করলে তিনি কেন্দ্র সচিব হতে পারবেন না।
ভারপ্রাপ্ত সুপার/ভারপ্রাপ্ত অধ্যক্ষ, বোর্ডের নির্দেশে কেন্দ্র সচিবের দায়িত্ব থেকে অব্যাহতি প্রাপ্ত শিক্ষক কেন্দ্র সচিব হতে পারবেন না।

২. কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা :

কেন্দ্র কমিটির সভাপতি কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা হবেন। অনিবার্য কারণবশতঃ সভাপতি ভারপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব পালনে অসমর্থ হন তা হলে তিনি একজন দায়িত্বশীল সরকারী কর্মকর্তাকে অতিরিক্ত ভারপ্রাপ্ত কর্মকর্তা নিযুক্ত করবেন। এক্ষিপে নিযুক্তির ক্ষেত্রে লক্ষ্য রাখতে হবে যে, বিভাগের কোন উচ্চ পদস্থ কর্মকর্তা যেন কোন নিম্ন পদস্থ কর্মকর্তার অধীনস্থ না হন।

উল্লেখ্য যে, সভাপতি, ভারপ্রাপ্ত কর্মকর্তা, কেন্দ্র সচিব, হল সুপার, কক্ষ প্রতাবেক্ষক ও সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তার পালনীয় দায়িত্ব ও কর্তব্যের বিবরণ সম্বলিত সহায়িকা এবং পরীক্ষা পরিচালনার নিয়মাবলীর একটি পুস্তিকা পরবর্তী সময়ে প্রত্যেক কেন্দ্রে প্রেরণ করা হবে।


৩১/৭/২০১৬

(মোঃ নজমুল হুদা)

পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন-৫৮৬১০২০২।

e-mail: controller@bmeb.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

নং-বামাশিবো/পরী/জেডিসি-২০১৬/৮৪৮


অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলোঃ

১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. পুলিশ সুপার (সকল)।
৩. পি.এ. টু- চেয়ারম্যান।





তারিখ : ৩১/০৭/২০১৬খ্রিঃ।


৩১/০৭/২০১৬

(মোঃ মুরশিদ আলম)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (পরীক্ষা)(চলতি দায়িত্ব)

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন-৯৬৭৫২৪৮।



